27

দৈনিক ইনকিলাব

তারিখ 04 MAR 1998
পৃষ্ঠা ৩ কলাম ৮

### '৯৭-৯৮ শিক্ষাবর্ষে ভর্তির ফরম দেয়া শুরু

# রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ভর্তি ফরমের দাম কমানোর দাবীতে মিছিল সমাবেশ

**রাঃ বিঃ রিপোর্টার ঃ** গতকাল মঙ্গলবার হতে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ৬টি অনুষদের ৩৭টি বিভাগে ১৯৯৭-৯৮ শিক্ষাবর্ষে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য ফরম দেয়া শুরু হয়েছে।

এদিকে সংগ্রামী ছাত্রজোট নামে ছাত্র সংগঠনসমূহের একটি নয়া জোট ভর্তি ফরমের দাম ৭৫ টাকা হতে কমিয়ে ৫০ টাকা করার দাবীতে ক্যাম্পাসে মিছিল ও সমাবেশ করে। গতকাল তারা ভর্তি ফরম বিক্রি বন্ধ করে দেয় দুপুর ১২টার দিকে। সমাবেশে বক্তারা বলেন, আগামী ২৪ ঘন্টার মধ্যে ফরমের দাম ৫০ টাকা না করলে পরবর্তী দু'দিন ছাত্র ধর্মঘট পালন করা হবে। প্রয়োজনে এরপর অনির্দিষ্টকালের জন্য ধর্মঘট আহবান করা হবে। এই জোটে জাতীয়তাবাদী ছাত্রদল, ছাত্রশিবির এবং ছাত্রলীগ (শা-পা) বাদে ৬টি ছাত্র ও নারীবাদী সংগঠন রয়েছে।

উল্লেখ্য, রাজশাহী বিশ্ববিদ্যালয়ে বিভাগভিত্তিক ভর্তি পদ্ধতিতে আগামী ৩০ মার্চ পর্যন্ত ভর্তি ফরম দেয়া ও জমা নেয়া হবে। ছাত্রদল ও ছাত্রশিবির ফরমের দাম কমানোর দাবী জানিয়েছে। ছাত্রদল গতকাল ক্যাম্পাসে বেগম খালেদা জিয়ার রাজশাহী আগমন উপলক্ষে মিছিল ও সমাবেশ করে। সমাবেশে বক্তব্য রাখেন কেন্দ্রীয় সদস্য মাহবুবুল আলম ফরহাদ, তাইফুল ইসলাম টিপু, ফখরুল ইসলাম সোহাগ, আবু জাবেদ জয় প্রমুখ।